



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/5/2022

গভর্নর ক্যাথি হোকল

নতুন SUNY চ্যান্সেলর জন কিংয়ের নিয়োগের ব্যাপারে গভর্নর ক্যাথি হোকলের বিবৃতি

"আমি নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি (State University of New York, SUNY) ট্রাস্টি বোর্ডের প্রশংসা করছি এবং তাদের অভিনন্দন জানাচ্ছি জন কিংয়ের মতো সত্যিকারের অসাধারণ একজন চ্যান্সেলর নির্বাচিত করার জন্য। আমাদের শিক্ষা ব্যবস্থার প্রতিটি পর্যায়ে তার পেশাদারি অভিজ্ঞতা, যার মধ্যে রয়েছে রাষ্ট্রপতি ওবামার শিক্ষা সচিব হিসেবে কাজ করা, এবং তার নিউ ইয়র্কের গভীর শেকড় মিলে তাকে SUNY ব্যবস্থার একজন আদর্শ নেতা করবে। আমি SUNY-কে দেশের সরকারি উচ্চ শিক্ষার জন্য শীর্ষ স্টেটব্যাপী ব্যবস্থাতে রূপান্তরিত করার আমাদের উচ্চাকাঙ্ক্ষী লক্ষ্যে তার সাথে কাজ করতে উন্মুখ। আমি SUNY-র নেতৃত্বের প্রতি কৃতজ্ঞ, বিশেষ করে বোর্ড সভাপতি মেরিল টিশ, সহ সভাপতি সিজার পেরালস এবং অন্তর্বর্তীকালীন চ্যান্সেলর ডেবোরাহ স্ট্যানলির প্রতি, এই ত্রাণিকালীন সময়ে তাদের কাজের জন্য এবং বোর্ডের প্রতি, এমন পুঙ্খানুপুঙ্খ এবং সফল অনুসন্ধান করার জন্য।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)-এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418